

তারিখ ... ..  
 পৃষ্ঠা: ৩ কলাম: ৩

**নীলফামারী ছমির উদ্দিন বিদ্যালয়  
 অনিয়মের অভিযোগে এক  
 সঙ্গে ১০ শিক্ষকের  
 নিয়োগ বাতিল**

নীলফামারী প্রতিনিধি: জেলা সদরে ছমির উদ্দিন উচ্চ বিদ্যালয়ে নিয়ম বহির্ভূতভাবে নিয়োগপ্রাপ্ত ১০ জন শিক্ষকের নিয়োগ ৮ মাস পর বাতিল করে পুনরায় শিক্ষক নিয়োগের সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

পদাধিকার বলে জেলা প্রশাসক বিদ্যালয় পরিচালনা কমিটির সভাপতি হলেও কমিটির সহ সভাপতি প্রধান শিক্ষক ও কয়েকজন সদস্য অনিয়মের মাধ্যমে নিজেদের ছেলেমেয়ে, ভ্রাতৃপুত্রী ও বোন এবং আত্মীয়দের শিক্ষক পদে নিয়োগ প্রদান করেন। বাছাই কমিটির बैठকে শিক্ষা অধিদপ্তরের ডিঙ্গির প্রতিনিধি হিসাবে ছিলেন সরকারি বালক উচ্চ বিদ্যালয়ের তৎকালীন প্রধান শিক্ষক। জানা যায় প্রার্থীদের দিখিত ও মৌখিক পরীক্ষার ফলাফল পরিবর্তন করে এক সঙ্গে ১০ জন শিক্ষক নিয়োগ করা হয়।

বিদ্যালয় পরিচালনা কর্মটির জৈনিক সদস্যের অভিযোগের পরিস্থিতিতে জেলা প্রশাসক ও পরিচালনা কমিটির সভাপতি বিষয়টি তদন্তের জন্য একজন ম্যাজিস্ট্রেট নিয়োগ করেন। তদন্তে অনিয়ম প্রমাণিত হওয়ায় গত ২৭ ডিসেম্বর অনুষ্ঠিত বিদ্যালয় পরিচালনা কমিটির সভায় এসব নিয়োগ বাতিল করা হয় এবং ব্যাপক প্রচারের মাধ্যমে পুনঃনিয়োগের সিদ্ধান্ত গৃহীত হয়। নিয়োগ বাতিল হওয়া শিক্ষকগণ পুনরায় নিয়োগপ্রাপ্তের আশায় সদস্যদের বাড়ি বাড়ি ঘুরা দিচ্ছেন বলে অভিযোগ পাওয়া গেছে।